ADC Manager Salary: 17000/-	Masters with no 3rd Division/ Class in any examination. Minimum 35 years as on October 31, 2018. Minimum 4 years experience in Bank/ Financial Institution. NGO, Govt, Office or any other reputed organization which has country wide distribution channel. Preference will be given to more experienced candidates.
ADC Senior Executive Salary: 15250/-	Graduate with no 3rd Division/ Class in any examination. Age maximum 33 years as on 31/10/2018. Minimum 3 years experience with any Bank/ Financial Institution. NGO, Govt Office or any reputed organization which has country wide distribution channel. Preference will be given to more experienced candidates.

Must have good knowledge in computer operation. Must be capable to work in the field environment. Must be good in persuasion as well as maintaining good relationships with vendors. Must be responsible to do any other tasks as and when instructed by the higher officials of the field staff and office staff on Banks interest.

Eligible and interested candidates are requested to apply online along with a recent scanned photograph and last academic certificate to http://app.dutchbanglabank.com/ Online_job/ latest by 31/10/2018. No direct application will be accepted.

সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ৩/১০/২০১৮ইং (পৃঃ ৫)

ইদ্রিস গ্রুপ অব কোম্পানীজ লিঃ এ চাকরি

স্মারক নং-৭৬/২০১৮, আই এন্ড কোং তারিখঃ ০৯/১০/২০১৮ইং

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.এডিঃ ম্যানেজার-৫ জন	এমএসসি/ এমএ পাস। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ গ্রেড গ্রহণযোগ্য নহে। প্রার্থীকে মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে
২.ক্যাশিয়ার-১০ জন	বিএ পাস। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ গ্রেড গ্রহণযোগ্য নহে।
৩.অফিস সহকারী-৫ জন	বিএ পাস। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ গ্রেড গ্রহণযোগ্য নহে
৪.সহঃ পি.এ-২ জন	বিএ পাস। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ গ্রেড গ্রহণযোগ্য নয়
৫.করণিক-১০জন	উচ্চ মাধ্যমিক পাস। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ গ্রেড গ্রহণযোগ্য নয়।

বেতন আলোচনা সাপেক্ষে। বয়স ক্রমিক নং ১-৪ পদের জন্য ৩০ থেকে ৩৫ বৎসর। ৫ নং পদের জন্য ২৫ থেকে ৩৫ বৎসর। (১) আগ্রহী প্রার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপিসহ চেয়ারম্যান ইদ্রিস গ্রুপ অব কোম্পানীজ লিঃ এর বরাবর স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। (২) আগামী ১০/১১/২০১৮ইং তারিখে সরাসরি অথবা ডাকযোগে জেলা হাসপাতাল রোড, নারায়নপুর শেরপুর-২১০০ ঠিকানায় পৌঁছাতে হবে। (৩) আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/ ফোন নম্বর উল্লেখ করতে হবে। (৪) নিয়োগ পরীক্ষার তারিখ ফোন/ মোবাইলের মাধ্যমে জানানো হবে। (৫) সকল পদের জন্য [illegible] **সূত্রঃ যুগান্তর ১০/১০/১৮ইং (পৃঃ ৭)**

মহিলা বিষয়ক অধিদপ্তরে চাকরি

পদ সংখ্যা-১০৯৯৩জন

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১৪.০০২.১৮-২১ তারিখঃ ২৬/৯/১৮খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক-২ জন বেতনঃ ১০২০০-২৪৬৮০/-	২য় শ্রেণীর স্নাতক পাশ (কমার্স) এবং সংশ্লিষ্ট কাজে যে কোন প্রতিষ্ঠান হতে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) বাস্তব অভিজ্ঞতা
২.অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-২ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	২য় শ্রেণীর স্নাতক পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোফট অফিস) বাস্তব অভিজ্ঞতা
৩.ফিল্ড সুপার ভাইজার-১২৮ জন বেতনঃ ১৫৬৫০/-	২য় শ্রেণীর স্নাতক পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।
৪.জেন্ডার প্রোমোটার-১০৯৫ জন বেতনঃ দৈনিক ১০০০/- টাকা	এইচএসসি পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা
৫.সংগীত শিক্ষক-৪৮৮৩ জন বেতনঃ দৈনিক ৫০০/-	এইচএসসি পাশ সংগীত ও আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)
৬.আবৃত্তি/ কণ্ঠশীলন শিক্ষক-৪৮৮৩ জন বেতনঃ দৈনিক ৫০০/-	এইচএসসি পাশ সংগীত ও আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার)

১। সাদা কাগজে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান/ যোগাযোগের ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) অভিজ্ঞতা (ঝ) জাতীয়তা (ঞ) বৈবাহিক অবস্থা (ট) মোবাইল নম্বর উল্লেখপূর্বক আগামী ১৯/১০/২০১৮খ্রিঃ এর মধ্যে আবেদনপত্র ডাকযোগে, প্রকল্প পরিচালক, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী দোয়েল চত্বর, শাহবাগ, ঢাকা এর বরাবর পৌঁছাতে হবে। (২) দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ (ক) সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ এবং নম্বর পত্রের ছায়ালিপি (খ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) নাগরিকত্ব সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (ঙ) সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (৩) ছবিসহ সকল অনুলিপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে (৪) আগামী ১৯/১০/১৮খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৫) কোটা সম্পর্কিত সরকারী সকল বিধি বিধান অনুসরণ করা হবে। (৬) প্রার্থীদের আবেদনপত্রের সাথে প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, নিউ ইস্কাটন শাখা, ঢাকা- এর অনুকূলে ১০০/- টাকামাত্র মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য)/ পোস্টাল অর্ডার দাখিল করতে হবে। (৭) আবেদনপত্রের সাথে ১০ টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৯"x৪" সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে। (৮) সরকার নির্ধারিত বিশেষ কোটার (শহীদ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/ এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতী, আনসারভিডিপি) চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা পালন করা হবে। (৯) আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান অনুসরণ করা হবে। (১০) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। প্রকল্প পরিচালক (যুগ্ম সচি), কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

সূত্রঃ নিউ ন্যাশন ২৭/৯/২০১৮ইং (পৃঃ ৯)

জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় চাকরি

স্মারক নং-৩১.৪৪.৪৭০০.০১৪.১৯.০০৬.১৮-৪৯৫ তারিখঃ ১/১০/১৮খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-১০ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	এইচএসসি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন গতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে
২.ড্রেসার-১জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	অন্যান্য বিষয়ের মধ্যে ড্রইংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ
৩.অফিস সহায়ক-২ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় পাস

১। খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন ক্রমিক নং ১ ও ২নং পদের ক্ষেত্রে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনা এবং ৩নং পদের ক্ষেত্রে জেলা প্রশাসক, খুলনা বরাবর আগামী ৩০/১০/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় ডাকযোগে পৌঁছাতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি www.mopa.gov.bd অথবা www.khulna.gov.bd এবং নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। (২) বয়স ৩০/১০/২০১৮ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৩) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ (ক) সত্যায়িত সদ্য তোলা ৩ কপি ৫x৫ সে.মি. আকারে রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে। এবং ২ কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে। (খ) নাগরিকত্ব সনদপত্র (গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে। (চ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং-১-৪৬৩১-০০০০-২০৩১তে ক্রমিক নং ১ ও ২ নং পদের জন্য ১০০/- টাকা এবং ৩ নং পদের জন্য ৫০/- টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (ছ) পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সংবলিত ১০ টাকার ডাক টিকিট লাগানো ১টি ১০ইঞ্চিx৪.৫ইঞ্চি একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (৪) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৫) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/ মহিলা/ আনসার ভিডিপি/ এতিম/ শারীরিক প্রতিবন্ধী/ ক্ষুদ্র-নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক [illegible] **সূত্রঃ জনকণ্ঠ ৩/১০/১৮ইং (পৃঃ ৭)**

সাউদার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতালে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
অধ্যক্ষ/ উপাধ্যক্ষ	পিএসাস্ ও বি.এম.ডি.সিনীতিমালা অনুযায়ী প্রার্থী নির্বাচন করা হবে

আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জীবন বৃত্তান্ত ও সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র অধ্যক্ষ বরাবরে আগামী ২২/১০/২০১৮ইং তারিখ দুপুর ২টার মধ্যে কলেজের ঠিকানায় পাঠাতে হবে এবং সাক্ষাৎকার অনুষ্ঠানের সময় অবশ্যই মূল সনদপত্র সাথে আনতে হবে। অধ্যক্ষ, সাউদার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল। সাউদার্ণ মেডিকেল কলেজ রোড, পূর্ব নাসিরাবাদ (পলিটেকনিক ইনস্টিটিউট সংলগ্ন), খুলশী, চট্টগ্রাম। ফোনঃ ০৩১-৬৮৫০৭৫। www.smchctgbd.com. **সূত্রঃ কালেরকণ্ঠ ৯/১০/২০১৮ইং (পৃঃ ৭)**

স্বাস্থ্য অধিদপ্তরে চাকরি

১ম পাতার পর

৯.স্টোর কিপার-৪৫ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ
১০.ওয়ার্ড মাষ্টার-১জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ
১১.ল্যাবরেটরি এটেনডেন্ট-১০ জন বেতনঃ ৮৫০০-২০৫৭০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ

যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেনঃ ক্রমিক নং ২ পদের জন্য লালমনিরহাট ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট, ৩ নং পদের জন্য কুমিল্লা, শরিয়তপুর, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা, কেন্দ্রীয় চর্ম ও সামাজিক স্বাস্থ্য কেন্দ্র, আগ্রাবাদ, চট্টগ্রাম, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, শরিয়তপুর। ৪ নং পদের জন্য কুমিল্লা, বাগেরহাট, পাবনা, লক্ষ্মীপুর, রংপুর, শরিয়তপুর, নেত্রকোনা, মানিকগঞ্জ, সাতক্ষীরা, ঝালকাঠি, পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। ৫ নং পদের জন্য মানিকগঞ্জ। ৬ নং পদের জন্য ময়মনসিংহ।৭ নং পদের জন্য কুমিল্লা, বাগেরহাট, ভোলা, পাবনা, চাঁদপুর, যশোর, ময়মনসিংহ, রংপুর, শরিয়তপুর, নেত্রকোনা, চুয়াডাঙ্গা, মানিকগঞ্জ,ঝালকাঠি। ৮ নং পদের জন্য বাগেরহাট, ভোলা, পাবনা, লক্ষ্মীপুর, নেত্রকোনা, কেন্দ্রীয় চর্ম ও সামাজিক স্বাস্থ্য কেন্দ্র, আগ্রাবাদ, চট্টগ্রাম। ৯ নং পদের জন্য কুমিল্লা, বাগেরহাট, ভোলা, পাবনা, চাঁদপুর, যশোর, ময়মনসিংহ, রংপুর, শরিয়তপুর, নেত্রকোনা, মানিকগঞ্জ, সাতক্ষীরা, ঝালকাঠি। ১০ নং পদের জন্য ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, শরিয়তপুর। ১১ নং পদের জন্য কুমিল্লা, ময়মনসিংহ, রংপুর, মানিকগঞ্জ, ঝালকাঠি, পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম, কেন্দ্রীয় চর্ম ও সামাজিক স্বাস্থ্য কেন্দ্র, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১। আগ্রহী পদ. প্রার্থীগণ http://dghsp.teletalk.com.bd এ ওয়েবসাইটে Online এ আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে। (২) নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিপালিত হবে। (৩) ১নং প্রার্থীদের ক্ষেত্রে পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বরাবরে আবেদন করবেন। এবং ২-১১ নং পদের প্রার্থীদের স্ব স্ব জেলার সিভিল সার্জন বরাবর আবেদন করবেন পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম, কেন্দ্রীয় চর্ম ও সামাজিক স্বাস্থ্য কেন্দ্র, আগ্রাবাদ, চট্টগ্রাম এর প্রার্থীগণ পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম বরাবর, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল শরিয়তপুর এর প্রার্থীগণ তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল শরিয়তপুর বরাবর, লালমনিরহাট ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট এর প্রার্থীগণ তত্ত্বাবধায়ক, লালমনিরহাট ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট বরাবর আবেদন করবেন। (৪) আবেদনকারীর বয়স ১/০৯/২০১৮ইং তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ৩১.১০.২০১৮ বিকাল ৪.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন (ঘ) **SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online এ আবেনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-১০ পদের জন্য ১০০/- টাকা, টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/- মোট ১১২/- এবং ১১ নং পদের জন্য ৫০/- টেলিটক সার্ভিস চার্জ ৬/- টাকা সহ ৫৬/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **প্রথম SMS:** DGHSP<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: DGHSP ABCDEF, Reply: Applicant's Name, TK. 112.00 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DGHSP<space>yes<space>PIN and send to 16222. **দ্বিতীয় SMS:** DGHSP<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: DGHSP YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DGHSP Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dghsp.teletalk.com.bd অথবা Website: www.dghs.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধান নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস রিড করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। (চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই নিম্নোক্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি (খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি (গ) নিজ জেলা উল্লেখ করত জাতীয়তা সনদপত্রের মূল/ সত্যায়িত কপি (ঘ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র (চ) উপজাতি, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্র (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN [illegible] i. User ID জানা থাকলে DGHSP <space> Help<space>User<space>User ID & Send to 16222. Example: DGHSP HELP USER ABCDEF and Send to 16222. ii. PIN Number জানা থাকলে DGHSP<space> Help<space>PIN<space>PIN No & send to 16222. Example: DGHSP HELP PIN 12345678 Send to 16222। [illegible] **সূত্রঃ ইত্তেফাক ৯/১০/২০১৮ইং (পৃঃ ১৬, ১৩)**

সমরাস্ত্র কারখানায় চাকরি

১ম পাতার পর

	গতি	সিরাজগঞ্জ, চট্টগ্রাম
৫.মেটেল্যাব এ্যাসিস্ট্যান্ট-১ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	রসায়ন ও পদার্থবিদ্যাসহ দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	ঢাকা
৬.ড্রাইভার-৬ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ভারী যানবাহন চালনার লাইসেন্সপ্রাপ্ত হতে হবে।	ঢাকা, মাদারীপুর, টাঙ্গাইল, সিলেট, মৌলভীবাজার, কুষ্টিয়া
৭.গোডাউন কিপার-৪ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ	ঢাকা, নারায়নগঞ্জ, সিরাজগঞ্জ, চাঁদপুর
৮.জুনিয়র টেকনিশিয়ান-২৩ জন বেতনঃ ৮৫০০-২০৫৭০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত	ঢাকা, চট্টগ্রাম, নারায়নগঞ্জ, ফেনী, রাঙ্গামাটি, ব্রাহ্মণবাড়িয়া, ঠাকুরগাঁও, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ, কক্সবাজার, বান্দরবান
৯.মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট-২জন বেতনঃ ৮৫০০-২০৫৭০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা, চট্টগ্রাম
১০.ফায়ারম্যান-৫ জন বেতনঃ ৮৫০০-২০৫৭০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চতাঃ ১.৬৭৬ মিটার (৫'-৬") অগ্নি নির্বাপণ অথবা বেসামরিক প্রতিরক্ষা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে	টাঙ্গাইল, খাগড়াছড়ি, কুমিল্লা, নোয়াখালী, সিলেট
১১.টেকনিক্যাল হেলপার-১৭ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	ঢাকা, ফরিদপুর, শরীয়তপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, নোয়াখালী, হবিগঞ্জ, জয়পুরহাট, পঞ্চগড়, রাজশাহী, যশোর
১২.আর্দালী-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	দিনাজপুর
১৩.দারোয়ান/ গেইট গার্ড-৩জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চতাঃ ১.৬৭৬ মিটার (৫'-৬")। অবসরপ্রাপ্ত সামরিক/ আধাসামরিক বাহিনীর প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	নওগাঁ, সাতক্ষীরা, গোপালগঞ্জ
১৪.মালী-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ। উদ্যান বা বাগান পরিচর্যার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে	খুলনা
১৫.লেবার-৩ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ	বরিশাল, লক্ষ্মীপুর, গাইবান্ধা
১৬.ক্লিনার-৪ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ	পাবনা, নেত্রকোনা, কিশোরগঞ্জ, গাইবান্ধা

১। বয়স ১৫/১১/২০১৮ তারিখে ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়সসীমা ১৮-৩২ বছর। এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানদের জন্য ১৮-৩০ বছর। তবে ১, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১১ নং পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর এবং ২, ৬, ১৩ নং পদের ক্ষেত্রে সেনাবাহিনী অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে ৪৫ বছর। (২)চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৩) নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধি বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে। এতিমখানা নিবাসী শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (৪) মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, অভিজ্ঞতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ, গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক মূল পত্যায়নপত্র, এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে।

আবেদন ফরম পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bof.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদন শুরুর তারিখ ও সময়ঃ ১৫.১০.২০১৮ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫.১১.২০১৮ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন (ঘ) **SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online এ আবেনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-১০ পদের জন্য ১১২/- এবং ক্রমিক নং ১১-১৬ পদের জন্য ৬০/- অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরবর্তীতে প্রার্থীগণ কর্তৃক প্রদত্ত পরীক্ষার ফি বাবদ প্রদত্ত অর্থ টেলিটক এর সার্ভিস চার্জ বাদে চেকের মাধ্যমে বিওএফ এ প্রেরিত হলে উক্ত অর্থ সরকারী কোড নং (১-১৯৩৫-০১১০-২০৩১) এ ট্রেজারী চালান এর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে। **প্রথম SMS**: BOF<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: BOF ABCDEF, Reply: Applicant's Name, TK. .... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOF<space> yes<space> PIN and send to 16222. **দ্বিতীয় SMS:** BOF <space> YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: BOF YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BOF Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password(xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bof.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধান নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস রিড করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। (চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। i. User ID জানা থাকলে BOF <space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: BOF HELP USER ABCDEF and Send to 16222 ii. PIN Number জানা থাকলে BOF <space>Help<space>PIN<space>PIN No & send to 16222. Example: BOF HELP PIN 12345678 Send to 16222। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর হতে ১২১ এ অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে হবে। উপ পরিচালক, প্রশাসন এবং উপকরণ পক্ষে কমান্ডান্ট। সূত্রঃ ইত্তেফাক ৮/১০/১৮ইং (পৃঃ ১৩)

রেহানা ইদ্রিস মডেল একাডেমীতে চাকরি

স্মারক নং-০৮/২০১৮, আরআইএমএ তারিখঃ ০৯/১০/২০১৮ইং

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সিনিয়র সহকারি শিক্ষক (বাংলা, গণিত, ইংরেজি,পদার্থ, রসায়ন, ফিন্যান্স, সমাজ, কৃষি, ইসলাম শিক্ষা) কিছু সংখ্যক	স্নাতকোত্তর/ স্নাতক/সমমান। (সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রী থাকতে হবে)। অবশ্যই ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২.সহকারি শিক্ষক-কিছু সংখ্যক	স্নাতক/সমমান। অবশ্যই ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৩.সহকারি শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)-২ জন	স্নাতকোত্তর/ স্নাতক/সমমান। (সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রী থাকতে হবে)। এমএস ওয়ার্ড, এক্সেল অন লাইন (মাল্টিমিডিয়া ক্লাশ বিষয়ে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)

বেতন আলোচনা সাপেক্ষে। (১) প্রত্যেক প্রার্থীকে সার্টিফিকেট পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে। (২)আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখঃ ১০/১১/২০১৮ইং (৩) ১নং পদের জন্য ২০০/-, ২ নং পদের জন্য ১৫০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার যে কোন পোস্ট অফিস থেকে চেয়ারম্যান, রেহানা ইদ্রিস মডেল একাডেমী, জেলা হাসপাতাল রোড, নারায়নপুর, শেরপুর-২১০০ এই ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে। (৪) নির্বাচনী পরীক্ষার দিন অবশ্যই সকল মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। (৫) কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। (৬) পরীক্ষার তারিখ, সময় ও স্থান মোবাইল/ পত্র মারফত জানানো হবে। (৭) দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেওয়া হবে না। (৮) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবেঃ (ক) সকল পাবলিক পরীক্ষার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (খ) নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) (গ) সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ২ কপি (ঘ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত ফটোকপি (ঙ) অভিজ্ঞতার সনদপত্র। অধ্যক্ষ রেহানা ইদ্রিস মডেল একাডেমী। সূত্রঃ যুগান্তর ১০/১০/২০১৮ইং (পৃঃ ৭)

বাংলাদেশ ব্যাংকে চাকরি

১ম পাতার পর

৩। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.erecruitment.bb.org.bd) এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে। (৪) O Level ও A Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। (৫) Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। (৬) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহনের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। (৭) চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ক্রমিক নং ৭ এ উল্লেখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সকল বিধি বিধান অনুসরণ করা হবে। অনলাইন আবেদনে প্রার্থীগণ কে ব্যাংকের পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। মোঃ মোশাররফ হোসেন খান, মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক ও সদস্য সচিব, বিএসসি।

সূত্রঃ ইনকিলাব ১১/১০/১৮ইং

পূবালী ব্যাংক লিঃ এ চাকরি

১ম পাতার পর

• Selected Trainee Assistant Junior Officers (Cash) shall have to serve in the regions/ areas for which they are recruited. • Proficiency both in Bengali and English is required. • All applications will be treated on merit and confidentially. • If any incorrect information found later, will cancel the candidature. • Any unfair activity in the written examination detected later, will reject the candidature.

For post no 1: Selected candidates shall have to give an undertaking that he/ she will serve the Bank for a minimum period of 5 years. • Selected candidates shall have to serve anywhere in Bangladesh. • Certificates of different examinations submitted by the candidates to the Bank will be verified from the respective institutions. • Proficiency both in Bengali and English is required. • All applications will be treated on merit and confidentially. • If any incorrect information found later, will cancel the candidature. • Any unfair activity in the written examination detected later, will reject the candidates.

For Position no 2 this table

Home district of the applicants	Posting: Branches under the Region/ Office	Number of posts
ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ	ঢাকা সেন্ট্রাল/ ঢাকা নর্থ/ ঢাকা সাউথ এবং কর্পোরেট ব্রাঞ্চ, ঢাকা	৫৫
নারায়নগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ	নারায়নগঞ্জ	১৫
ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল	ময়মনসিংহ	২৫
চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান	প্রিন্সিপাল অফিস, চট্টগ্রাম	৯৫
নোয়াখালী, লক্ষীপুর, ফেনী	নোয়াখালী	৩০
কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া	কুমিল্লা	৫০
সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ	প্রিন্সিপাল অফিস, সিলেট	৮৫ জন
বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, পটুয়াখালী, বরগুনা	বরিশাল	৩০ জন
ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর, কুষ্টিয়া, মাগুরা	ফরিদপুর	১০ জন
রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ	রাজশাহী	২০ জন
রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, পঞ্চগড়	রংপুর	৩০ জন
সন্দীপ উপজেলা, চট্টগ্রাম	সন্দীপ ও সাবেরহাট ব্রাঞ্চ	০৫ জন
হাতিয়া উপজেলা, নোয়াখালী	হাতিয়া ব্রাঞ্চ	০৫ জন
Dependent category (Irrespective of districts)	Anywhere in the country	৪৫ জন

Apply Instructions: Interested candidates who fulfill the requirements should apply on-line, link: https://www.pubalibangla.com/career.asp with scanned passport size recent colored photograph. After filling up the online application, applicant will get an Applicant form with identification Number generated from the system. The closing date for submission of application is by 6:00 pm of 15 November 2018. To avoid possible inconvenience due to server congestion, please apply will ahead of the deadline. General Manager, Human Resources Division. সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ৭/১০/২০১৮ইং (পৃঃ ৮) প্রথমআলো ৭/১০/২০১৮ইং (পৃঃ ৭)

নৌবাহিনীতে চাকরি

১ম পাতার পর

(৩২"), সম্প্রসারিত ৭৬ সেঃমিঃ (৩০")। *উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্রবাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে)। (৩) পশ্চাৎ প্রবীণতাঃ বাংলাদেশ নৌবাহিনীর প্রচলিত বিধি মোতাবেক পশ্চাৎ প্রবীণতা প্রদান করা হবে (৪) মনোনয়ন পদ্ধতিঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার ৩০, ৩১ অক্টোবর ও ১ নভেম্বর ২০১৮ তারিখে (পরিবর্তনযোগ্য) বিএন কলেজ ঢাকায় অনুষ্ঠিত হবে। (৫) লিখিত পরীক্ষাঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় ও প্রাথমিক স্বাক্ষাৎকারে উপযুক্ত বিবেচিত প্রার্থীগণের ২ নভেম্বর ২০১৮ তারিখে (পরিবর্তনযোগ্য) বুদ্ধিমত্তা এবং ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে উল্লেখিত কেন্দ্রে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। (৬) আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও স্বাক্ষাৎকারঃ প্রয়োজন নেই। (৭) চুড়ান্ত স্বাস্থ্য পরীক্ষাঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের চুড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য ঢাকা সেনানিবাস্থ বিএনএস হাজী মহসীনে উপস্থিত হতে হবে। (৮) চুড়ান্ত মনোনয়নঃ নৌবাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্ত মনোনয়ন করা হবে। (৯) আবেদন ফরম পূরণঃ অনলাইনে আবেদন পদ্ধতিঃ আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর ডান পার্শ্বে Apply Now এ ক্লিক করে আবেদন পদ্ধতি অনুসরণ করতে হবে। আবেদনের শেষ পর্যায়ে অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করা যাবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ ডেবিট কার্ড (যেমন- VISA, Mastter Card ও Americal Express) এবং মোবাইল ব্যাংকিং (যেমন-বিকাশ, রকেট, টি-ক্যাশ, শিওরক্যাশ, এমক্যাশ, মাইক্যাশ, ওয়ানক্যাশ , ইজিক্যাশ, কিউক্যাশ, নেক্সাস, এ্যামেক্স) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতিত ৭০০/- টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাথে সাথে প্রার্থীগণকে প্রাথমিক সাক্ষাৎকারের জন্য Call-up-letter, Form Commission-1 A ও Personal Information Form ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে প্রাথমিক সাক্ষাৎকারের সময় অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সঙ্গে আনতে হবে। যদি কোন প্রার্থী উক্ত কল আপ লেটার ও Form ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে নাম, রোল নাম্বার ও Tracking নাম্বার প্রদান করা হবে যা পরবর্তীতে ব্যবহার করে একই ওয়েবসাইট হতে ডাউনলোড ও প্রিন্ট করা যাবে। (১০) আবেদনপত্র জমা প্রদানঃ Form Commission-1A এর সাথে নিম্নবর্ণিত সনদপত্রসমূহ সংযোজন করে প্রাথমিক সাক্ষাৎকারের সময় জমা দিতে হবেঃ (ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশীট এর সত্যায়িত ফটোকপি (গ) স্ব স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (১১) বিশেষ নির্দেশাবলীঃ চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের শেষ তারিখঃ ২৫ অক্টোবর ২০১৮। বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিতে ভিজিট করুনঃ www.joinnavy.navy.mil.bd, পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩। বিশেষ প্রয়োজনে যোগাযোগ করুনঃ ফোনঃ (০২) ৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫, হেল্প লাইনঃ ০১৭৬৯৭০২২১৫।

সূত্রঃ ইত্তেফাক ৬/১০/২০১৮ইং (পৃঃ ৫)

আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকে চাকরি

১ম পাতার পর

১। O Level ও A Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। (২) আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩১/১০/২০১৮ইং তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক ও সদস্য সচিব, বিএসসি, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় (২য় সংলগ্নী ভবন, ১৭ তলা) ঢাকা বরাবর আবেদন পৌছাতে হবে। (৩) আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ফোনঃ ৯৫৩০২২৬। সূত্রঃ Financial Express ১১/১০/১৮

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে চাকরি

স্মারক নং-বেরোবি/রেজি:/নিয়োগ বিজ্ঞপ্তি/২০১৮/৯১৪১ তারিখঃ ১/১০/১৮খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সহকারী পরিচালক (প্রশাসন)-১জন বেতনঃ ২৯০০০-৬৩৪১০/-	স্নাতক সম্মানসহ বিজ্ঞান/ সামাজিক বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ/ সিজিপিএ থাকতে হবে। Quality Assurance এ কমপক্ষে ২ বছর সহ HEQEP/Self-Assesment/ অ্যাক্রিডিটেশন কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সর্বোচ্চ বয়স ৩৫ বছর। অভ্যন্তরীন প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শিথিলযোগ্য এবং অগ্রাধিকার দেয়া হবে
২.পার্সোনাল অফিসার টু পরিচালক-১ জন বেতনঃ ১৬০০০-৩৮৬৪০/-	যে কোন বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/ স্নাতক সম্মান সহ স্নাতকোত্তর ডিগ্রীধারী। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ৪.০০ এর মধ্যে সিজিপিএ কমপক্ষে ২.৫ অথবা ২য় শ্রেণী থাকতে হবে। Quality Assurance এ ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা। সর্বোচ্চ বয়স ৩০ বছর। অভ্যন্তরীন প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শিথিলযোগ্য
৩.অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট/ অপারেটর-১ জন বেতনঃ ৯৩০০-২০০১০/-	যে কোন বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ২.৫ অথবা ২য় শ্রেণী থাকতে হবে। Quality Assurance এ কমপক্ষে ১ বছরের কর্মঅভিজ্ঞতা এবং কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স সর্বোচ্চ ৩০ বছর। অভ্যন্তরীন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স শিথিলযোগ্য এবং অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৪.অফিস সহায়ক-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	যে কোন বোর্ড থেকে ন্যূনতম এসএসসি পাশ। Quality Assurance এ অভিজ্ঞতা

১। বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত আবেদন ফরম প্রশাসনিক ভবনের ৩০৭নং কক্ষে সংগ্রহ ও জমা দেয়া যাবে। বিশ্ববিদ্যালয়ের www.brur.ac.bd থেকেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে। (২) নির্ধারিত ফরমে বিজ্ঞপিত পদের ১ ও ২ নং পদের জন্য ৭ সেট আবেদন ফরম এবং ৩ ও ৪ নং পদের জন্য ৩ সেট আবেদন ফরম জমা দিতে হবে। (৩) আবেদন ফরমের প্রতি কপির সাথে অবশ্যই (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (খ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি (গ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (ঘ) নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি (ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদের অনুলিপি (চ) অভিজ্ঞতা ও দক্ষতা সনদপত্রের অনুলিপি (নাম ও সীলসহ সত্যায়িত হতে হবে)। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। (৪) যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/- টাকার ডাকটিকেটযুক্ত ১০x৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (৫) আবেদন ফরমের সাথে অবশ্যই রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর অনুকূলে জনতা-ব্যাংকের যে কোন শাখা থেকে বিজ্ঞপিত পদের ১ ও ২ পদের জন্য জন্য ৫০০/- টাকা এবং ৩ ও ৪ নং পদের জন্য ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা দিতে হবে। (৬) সরকার প্রবর্তিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে (৭) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৮) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। (৯) অভ্যন্তরীণ প্রার্থীর জন্য শিক্ষাগত যো, বয়স ও অভিজ্ঞতার যে কোন ১টি শর্ত শিথিলযোগ্য। (১০) আবেদন ফরম গ্রহণ ও জমা দেয়ার শেষ তারিখঃ ২১/১০/২০১৮ইং। রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর। সূত্রঃ ইত্তেফাক ৩/১০/২০১৮ইং (পৃঃ ১৩)

খুলনা শিপইয়ার্ড লিমিটেডে চাকরি

খুশিলি/এইচআরএম-৯০/৬২০ তারিখঃ ০২/১০/২০১৮ইং

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
শিপবিল্ডিং ফিটার ওয়েল্ডার (মীগ/ আর্ক) এবং গ্যাসকাটার-৬০ জন	সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা অথবা টিটিসির ট্রেড কোর্সসহ অষ্টম শ্রেণী পাস

১। প্রার্থীকে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বোর্ড, বিভাগ/ জিপিএসহ) এবং অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদন পত্রে অবশ্যই মোবাইল/ ফোন নম্বর উল্লেখ করতে হবে। (২) বর্ণিত পদে ৫০/- টাকা (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন) এ জমা করত ক্যাশ মেমো গ্রহণ সাপেক্ষে আবেদন করতে হবে। (৩) আবেদনপত্রের সহিত সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিকত্ব সনদপত্র ও অভিজ্ঞতা সনদপত্র (সত্যায়িত ফটোকপি) ও সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদ অবশ্যই সাথে আনতে হবে। (৪) প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ১৫/১০/১৮ তারিখ রোজ সোমবার সকাল ০৮:৩০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌছাতে হবে অথবা ঐ দিন সরাসরি আবেদনপত্রসহ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত হতে হবে। (৫) প্রার্থীর বয়সসীমা ৩০/০৯/২০১৮ তারিখে ১৮-৩০ বছর। তবে অভিজ্ঞ/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। খুলনা শিপইয়ার্ড লিঃ হতে চাকুরীচ্যুত প্রার্থীদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ৪/১০/১৮ইং (পৃঃ ৯)

প্রতিরক্ষা মন্ত্রণালয়ে চাকরি

১ম পাতার পর

পদের জন্য ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, নোয়াখালি, রাঙ্গামাটি, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালি, সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। ক্রমিক নং ৩ পদের জন্য ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১। বয়স ২৫/১০/২০১৮ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের জন্য বয়সসীমা ১৮-৩০ বছর। (২) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mod.teletalk.com.bd অথবা www.mod.gov.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। (ক) অনলাইনে আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৫/১০/১৮খ্রিঃ সন্ধ্যা ৬:০০টা। (৩) আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন হলে টেলিটক কর্তৃক Applicants কপিতে প্রদত্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-২ পদের জন্য ১০০/- টাকা এবং ৩ নং পদের জন্য ৫০/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। উপসচিব (প্রশাসন), ও সদস্য সচিব, বিভাগীয় বাছাই/ নির্বাচন কমিটি।

সূত্রঃ কালের কণ্ঠ ৫/১০/২০১৮ইং (পৃঃ ৬)

বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদে চাকরি

মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ১নং পদের জন্য ৫৫৫/- টাকা এবং ২-৪ নং পদের জন্য ১১২/- অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **প্রথম SMS**: BCSIR<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: BCSIR ABCDEF, Reply: Applicant's Name, TK.... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BCSIR <space> yes<space>PIN and send to 16222. **দ্বিতীয় SMS:** BCSIR<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: BCSIR YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BCSIR Application for xxxxxxxxxxxxxx .User ID is (ABCDEF) and Password (xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:// bcsir.teletalk.com.bd অথবা BCSIR Website: www. bcsir.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধান নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস রিড করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। (চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। i. User ID জানা থাকলে BCSIR <space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: BCSIR HELP USER ABCDEF and Send to 16222 ii. PIN Number জানা থাকলে BCSIR <space>Help<space>PIN<space>PIN No & send to 16222. Example: BCSIR HELP PIN 12345678 Send to 16222। (২) নিয়োগ সংক্রান্ত সরকারী সকল বিধি বিধান অনুসরণ করা হবে। (৩) চাকরিরত প্রার্থীদের নির্দিষ্ট ফরমে অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। (৪) আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। (৫) লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী www.bcsir.gov.bd এ প্রকাশ করা হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ৬/১০/২০১৮ইং (পৃঃ৬)

কর কমিশনারের কার্যালয়, ঢাকা

পদ সংখ্যা-৫৩ জন

নথি নং-৫ই-১৫/নিয়োগ/কঃঅঃ-৬/২০১৮-২০১৯ তারিখঃ ২৩/০৯/১৮খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.কম্পিউটার অপারেটর-১ জন বেতনঃ ১২৫০০-৩০২৩০/-	ন্যূনতম স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান অগ্রাধিকার। কম্পিউটার এ্যাপটিচিউট পরীক্ষায় উত্তীর্ণ
